

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২৬, ২০২২

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

বাংলাদেশ ব্যাংক  
ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন  
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯/০২ জুন ২০২২

নং ডিওএস(এসআর)/১১৫৩/১২০-এ/২০২২-২৭২৫—ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ এর ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরকারের সহিত পরামর্শক্রমে ২৯ শ্রাবণ ১৪২৭ (১৩ আগস্ট ২০২০ ইং) তারিখে ডিওএস(এসআর)/১১৫৩/১২০-এ/২০২০-২১৬৬ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে উক্ত আইনের ৩৩ ধারার আওতায় পদ্মা ব্যাংক লিমিটেডের সিআরআর-এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় মাত্রা ব্যাংকটির মোট তলবি ও মেয়াদি দায়ের ২০২২ সালে অনূন্য ৯.৭৫ (নয় দশমিক সাত পাঁচ) শতাংশে এবং ২০২৩ সালে অনূন্য ১৩ (তেরো) শতাংশে নির্ধারণ করা হইয়াছিল।

এই পর্যায়ে উক্ত নির্দেশনা পরিমার্জনপূর্বক ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক, সরকারের সহিত পরামর্শক্রমে উক্ত আইনের ৩৩ ধারার আওতায় পদ্মা ব্যাংক লিমিটেডের সিআরআর-এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় মাত্রা ব্যাংকটির মোট তলবি ও মেয়াদি দায়ের ২০২২ সাল হইতে ২০২৪ সাল পর্যন্ত অনূন্য ৩.২৫ (তিন দশমিক দুই পাঁচ) শতাংশে, ২০২৫ সালে অনূন্য ৬.৫০ (ছয় দশমিক পাঁচ শূন্য) শতাংশে এবং ২০২৬ সালে অনূন্য ৯.৭৫ (নয় দশমিক সাত পাঁচ) শতাংশে পুনঃনির্ধারণ করা হইল।

এই আদেশ ০১ জানুয়ারি ২০২২ তারিখ হইতে কার্যকর মর্মে গণ্য হইবে।

এ, কে, এম সাজেদুর রহমান খান  
ডেপুটি গভর্নর  
বাংলাদেশ ব্যাংক।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১২৭২৩)

মূল্য : টাকা ৪.০০